

## “জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২” উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : মো: মামুনুর রশীদ, জেলা প্রশাসক, কক্সবাজার।  
তারিখ : ০১ ফেব্রুয়ারি, ২০২২খ্রি.  
সময় : সকাল ১১ টা  
স্থান : শহীদ এটিএম জাফর আলম (সিএসপি) সম্মেলন কক্ষ।  
সভায় উপস্থিত : সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ‘ক’তে সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরিচিতি পর্ব শেষে তিনি সভায় আলোচ্য বিষয়াদি উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব, “জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২” উদযাপন কমিটি ও লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, কক্সবাজারকে আহবান জানান। লাইব্রেরিয়ান “জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২” উদযাপন এর গৃহীতব্য কার্যক্রম সবিস্তারে আলোকপাত করেন। “জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২” সফল এবং সার্থক করার জন্য “জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২ উদযাপন কমিটি” এর সদস্যগণের নিকট সার্বিক সহযোগিতা কামনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সদস্যবৃন্দের সর্বসম্মতিতে “জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২” এর নিম্নরূপ কর্মসূচী পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী প্রতিষ্ঠান
১।	প্রতিপাদ্য বিষয়/স্লোগান নির্ধারণ	“সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার ডিজিটাল গ্রন্থাগার” উল্লিখিত প্রতিপাদ্য বিষয়টি/স্লোগানটি জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২সহ সকল অনুষ্ঠানে ব্যাপক ব্যবহার ও প্রচার করা যেতে মর্মে আলোচনা হয়।	কেন্দ্রকে অনুসরণ করে “সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার ডিজিটাল গ্রন্থাগার” স্লোগানটি ব্যাপক ব্যবহার ও প্রচার করা হবে।	জেলা সরকারি গণগ্রন্থাগার, কক্সবাজার।
২।	উদ্বোধন	সকাল ১০ টায় কক্সবাজার জেলা সরকারি গণগ্রন্থাগার চত্বরে বেলাুন ও ফেস্টুন উড়িয়ে “জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২” সফলভাবে উদযাপন উদ্বোধনের বিষয়ে ঘোষণা আলোচনা হয়।	নির্ধারিত ময়ে কক্সবাজার জেলা সরকারি গণগ্রন্থাগার চত্বরে বেলাুন এবং ফেস্টুন উড়িয়ে ‘জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২’ এর শুভ উদ্বোধন করা হবে।	জেলা প্রশাসন ও জেলা সরকারি গণগ্রন্থাগার, কক্সবাজার।
৩।	ড্রপ ডাউন ব্যানার স্থাপন	“জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২” উদযাপন উপলক্ষে কেন্দ্রের নির্দেশনা মোতাবেক উক্ত গ্রন্থাগার ভবনের সম্মুখপ্রান্তে একটি ড্রপ ডাউন ব্যানার স্থাপনের বিষয়ে আলোচনা হয়।	“জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২” উদযাপন উপলক্ষে উক্ত গ্রন্থাগার ভবনের সম্মুখপ্রান্তে একটি ড্রপ ডাউন ব্যানার স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত হয়।	জেলা সরকারি গণগ্রন্থাগার, কক্সবাজার।
৪।	আলোকসজ্জা	“জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২” উদযাপন উপলক্ষে কেন্দ্রের নির্দেশনা মোতাবেক উক্ত গ্রন্থাগার ভবনে তিন দিন ব্যাপী আলোকসজ্জা করার বিষয়ে আলোচনা হয়।	“জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২” উদযাপন উপলক্ষে উক্ত গ্রন্থাগার ভবনে ৪, ৫ ও ৬ ফেব্রুয়ারি/২০২২ তিন দিন ব্যাপী আলোকসজ্জা করার বিষয়ে সিদ্ধান্ত হয়।	জেলা সরকারি গণগ্রন্থাগার, কক্সবাজার।
৫।	জুম মিটিং	“জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২” উপলক্ষে বিকাল ৪ টায় কোভিড-১৯ এর ওমিক্রন ভ্যারিয়েন্টের প্রাদুর্ভাবের কারণে উদযাপন কমিটির সদস্যদের নিয়ে গ্রন্থাগার দিবসের প্রয়োজনীয়তা বিষয়ক এক জুম মিটিং অনুষ্ঠিত হবে মর্মে আলোচনা হয়।	“জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২” উপলক্ষে বিকাল ৪ টায় কোভিড-১৯ এর ওমিক্রন ভ্যারিয়েন্টের প্রাদুর্ভাবের কারণে উদযাপন কমিটির সদস্যদের নিয়ে গ্রন্থাগার দিবসের প্রয়োজনীয়তা বিষয়ক এক জুম মিটিং অনুষ্ঠিত হবে।	জেলা প্রশাসন ও জেলা সরকারি গণগ্রন্থাগার, কক্সবাজার।

সভাপতি বলেন, জ্ঞানর্জন, গবেষণা, চেতনা ও মূল্যবোধের বিকাশ, সংস্কৃতিচর্চা ইত্যাদির মধ্য দিয়ে রাষ্ট্রের জনসমষ্টিকে আলোকিত করে তোলা এবং পাঠাভ্যাস বৃদ্ধি নিশ্চিতকরণে তাদেরকে গ্রন্থাগারমুখী করা একান্ত আবশ্যিক। সে লক্ষে জনসাধারণকে সচেতন করে তোলার জন্য ঘোষিত ‘জাতীয় গ্রন্থাগার দিবস’ যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা একান্ত আবশ্যিক। গ্রন্থাগার চলমান জীবনধারা, শিক্ষা ও সংস্কৃতির অন্যতম ধারক ও বাহক। একটি জ্ঞানমনস্ক জাতি গঠনের

অভিপ্রায়ে বর্তমান সরকার দেশের প্রান্তিক পর্যায় পর্যন্ত গ্রন্থ এবং গ্রন্থাগারের প্রচার ও প্রসারে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এতে করে শিশু-কিশোর ও জনসাধারণের মধ্যে পাঠাভ্যাস বৃদ্ধির মাধ্যমে তাদের মানসিক ও জ্ঞানের পরিধি বৃদ্ধি পাবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: মামুনুর রশীদ  
জেলা প্রশাসক, কক্সবাজার  
ও  
সভাপতি  
'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২ উদযাপন কমিটি'  
কক্সবাজার।

নং-৪৩.২৬.২২০০.০০০.৫০.০০১.১৯.

তারিখঃ ০১/০২/২০২২খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কক্সবাজার।
- ২। পুলিশ সুপার, কক্সবাজার।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কক্সবাজার।
- ৪। কক্সবাজার সরকারি মহিলা কলেজ, কক্সবাজার।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, সদর পৌরসভা, কক্সবাজার।
- ৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কক্সবাজার।
- ৭। জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার।
- ৮। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কক্সবাজার।
- ৯। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, কক্সবাজার।
- ১০। জেলা তথ্য অফিসার, কক্সবাজার।
- ১১। জেলা কালচারাল অফিসার, কক্সবাজার।
- ১২। প্রধান শিক্ষক, কক্সবাজার সরকারি উচ্চ বিদ্যালয়, কক্সবাজার।
- ১৩। সভাপতি/সা:সম্পাদক, বাংলাদেশ গ্রন্থাগার সমিতি, কক্সবাজার শাখা।
- ১৪। জেলা প্রতিনিধি, ব্র্যাক, কক্সবাজার।
- ১৫। প্রতিনিধি, জেলা বেসরকারি গ্রন্থাগার সমিতি, কক্সবাজার।
- ১৬। সাধারণ সম্পাদক, জেলা সদরে অবস্থিত ঐতিহ্যবাহী গ্রন্থাগার, কক্সবাজার।
- ১৭। লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, কক্সবাজার।

ঋষিকেশ পাল  
লাইব্রেরিয়ান  
জেলা সরকারি গণগ্রন্থাগার, কক্সবাজার  
ও  
সদস্য-সচিব  
'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২ উদযাপন কমিটি'  
কক্সবাজার